101

দৈনিক ইনকিলাব

তারিখ ... 02 FEB 1994 ..
পৃষ্ঠা ~ ৫ কলাম ৭

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতি

বুক ভরা প্রত্যাশা নিয়ে আমরা ১৯৯২-৯৩ সেশনে বিভিন্ন বিষয়ে অনার্সে ভর্তি হয়েছিলাম। কিন্তু এখন নিষ্ঠুর বাস্তবতা, সংকীর্ণতা নিয়ে আমাদের উপলব্ধির মধ্যে এল— অর্থনৈতিক সমস্যা, পারিবারিক সমস্যা, এবং অন্যান্য বিভিন্ন সমস্যার কারণে আমরা বুঝলাম আমাদের দ্বারা কোন মতেই অনার্স সম্পন্ন করা সম্ভব নয়— কিন্তু তারপরও হাজার সমস্যার মধ্যেও আমরা পাস কোর্সে পরীক্ষা দেওয়ার জন্য প্রত্যাশায় আবার বুক বেঁধেছি।

দুর্ভাগ্যের কারণে অনার্সে পড়ালেখার ক্ষমতা আমরা হারিয়েছি— এখন পাস কোর্সে পড়ালেখা করতে না পারলে— হয়ত আমাদের অনেকেরই শিক্ষার আলো হতে দূরে সরে যেতে হবে। কারণ, জাতীয় বিশ্ববিদ্যালয় অনার্স গ্রুপ হতে পাস কোর্সে আসার ব্যাপারে কোন রকম আদেশ প্রচলিত রাখে নাই— যার পরিপ্রেক্ষিতে, একদিকে আমরা সমস্যার কারণে অনার্সের পড়ালেখা চালাইতে ব্যর্থ। অন্য দিকে গ্রুপ পরিবর্তনের অনুমতি না পাবার কারণে অনিশ্চিত কারণে আমাদের পড়ালেখার ভীষণ ক্ষতি হচ্ছে। জাতীয় বিশ্ববিদ্যালয় আমাদেরকে সেশন জটের অভিশাপ হতে মুক্তি দিয়েছে এবং এবার পাস কোর্সে পরীক্ষা দিতে না পারলে— অনেকের জীবন হতে একটি অমূল্য বৎসর হারিয়ে যাবে।

উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয় গ্রুপ পরিবর্তনের ব্যাপারে এ সেশনের প্রথম দিকে নির্দৃষ্ট সময় প্রদান করেছিল, কিন্তু আমরা সেই দুর্ভাগ্যের দলে যারা তখনও অনার্স সম্পন্ন করবার প্রত্যাশা লালন করছিলাম।

এখন এই পরিস্থিতিতে আমরা অনার্স/পাস কোর্স, কোন ধারাতেই পড়ালেখা চালাতে পারছি না— আমাদের ফর্ম ফিলাপের সময়ও ঘনিয়ে আসছে। তাই এখন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতি আমাদের আকুল আবেদন, যত তাড়াতাড়ি সম্ভব এ ব্যাপারে সুস্পষ্ট আদেশ প্রদানের মাধ্যমে আমাদের অসহায় অবস্থা হতে রক্ষা করে, শিক্ষা লাভের সহায়তা দান করুন।

—বাধন হারা,